



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

অসম্ভল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প
মাহবুব প্লাজা (৮ম তলা), ২১/এ তোপখানা রোড, ঢাকা-১০০০।



স্মারক নং- মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০২/২০২২/৮৫

তারিখঃ ২৫/০৮/২০২২ খ্রি:

বিষয়ঃ বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও মুক্তিযোদ্ধাদের লোগো, বীর নিবাসের বাহিরের রং ওয়েদার কোট এবং সাব-মার্সিবল পাম্প এর বিল চূড়ান্ত বিলের সাথে প্রকল্প কার্যালয় থেকে সমন্বয় সংক্রান্ত নির্দেশনা।

ডিপিপি'র ২৪.৭ অনুচ্ছেদ অনুযায়ী ক্ষমতা পুনঃ অর্পণ (সাব-ডেলিগেশন) পত্রের ৯(ত) ক্রমিকে উল্লেখ করা হয়েছে যে, “অঞ্চল ভেদে পানির লেয়ারের ভিন্নতার কারণে তথা ব্যয়ের ক্ষেত্রেও ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হচ্ছে বিধায় কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রকল্প কার্যালয় থেকে সাব-মার্সিবল পানির পাম্প স্থাপনের বিষয়ে সমন্বয় ও মনিটরিং করা হবে। সকল অঞ্চলে আর্সেনিক মুক্ত, লবন মুক্ত ও সুপেয় পানি নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে প্রকল্প কার্যালয়ের নির্দেশনা অনুসরণ করতে হবে” এবং

৯(খ) ক্রমিকে উল্লেখ করা হয়েছে যে, “মুজিব শতবর্ষ ও স্বাধীনতার ৫০ বছরকে স্মরণীয় করে রাখার স্বার্থে বাঙ্গালীর হাজার বছরের সাহসের প্রতীক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের তর্জনি সমৃদ্ধ প্রতিকৃতি মার্বেল পাথরে লেজার প্রিন্ট করে স্থাপনের বিষয়ে এবং সকল বীর নিবাসের বাহ্যিক সৌন্দর্য অভিন্ন রাখার স্বার্থেই কেবল বাহিরের রং ওয়েদার কোট এর বিষয়ে প্রকল্প কার্যালয়ের নির্দেশনা অনুসরণ করতে হবে।”

কিন্তু মাঠ পর্যায়ে কোন কোন ক্ষেত্রে উক্ত নির্দেশনা যথাযথ অনুসরণ করা হচ্ছে না বিধায় প্রকল্প বাস্তবায়নে জটিলতার সৃষ্টি হচ্ছে। উক্ত জটিলতা নিরসনের লক্ষ্যে “বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও মুক্তিযোদ্ধাদের লোগো, বাহিরের রং ওয়েদার কোট এবং সাব-মার্সিবল পাম্প এর বিল চূড়ান্ত বিলের সাথে প্রকল্প কার্যালয় থেকে সমন্বয় করা হবে” মর্মে কার্যাদেশ এর শর্তাবলীতে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

এ নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

এম ইদ্রিস সিদ্দিকী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

অসম্ভল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)

স্মারক নং- মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০২/২০২২/৮৫

তারিখঃ ২৫/০৮/২০২২ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১) জেলা প্রশাসক (সকল)।

২) সহকারী প্রকৌশলী, অসম্ভল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প।

৩) বিভাগীয় উপ-সহকারী প্রকৌশলী (সকল), অসম্ভল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প।

৪) অফিস কপি।

এম ইদ্রিস সিদ্দিকী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)